122

দৈনিক বাংলা

তারিখ 11 OCT 1991
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

# প্রচণ্ড গুলি বিনিময়ঃ কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

।। নিজস্ব সংবাদদাতা ।।

ময়মনসিংহ, ১০ই অক্টোবর।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে বুধবার রাত থেকে আজ ভোর পর্যন্ত দুইটি ছাত্র সংগঠনের মধ্যে কয়েকশ রাউন্ড গুলি বিনিময় হয়। এতে ছাত্রলীগের রুশ (২৫) গুলিবিদ্ধ হয়। সে এখন ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৭ই অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে ক্যাম্পাসে পুলিশ ও বিডিআর মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, গভীর রাতে ছাত্রলীগের বাইরের কর্মীরা ক্যাম্পাসে ঢোকার চেষ্টা করলে জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীরা বাধা দেয়। এতে সংঘর্ষ শুরু হয়।

ঘটনার প্রতিবাদে দুপুরে ছাত্রলীগ

(৪–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

**বন্ধ ঘোষণা** (প্রথম পৃঃ পর)

শহরে মিছিল বের করে। মিছিলের সময় রোটার‍্যাক্ট ক্লাবে ভাঙচুর হয়।

— OF — SHEETS